

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩ ১৮৭  
জিরানীয়া, ৩ অক্টোবর, ২০২৩

শারদোৎসব নিয়ে জিরানীয়ায় সভা  
সরকারি নির্দেশ মেনে পূজোর আয়োজন করতে হবে : পর্যটনমন্ত্রী

সরকারি নির্দেশিকা মেনে ক্লাব ও পূজো কমিটিগুলিকে পূজোর আয়োজন করতে হবে। যানবাহন খামিয়ে কোনও অবস্থাতেই চাঁদা সংগ্রহ করা যাবে না। চাঁদা নিয়ে জুলুমবাজিও করা চলবে না। আজ জিরানীয়া মহকুমার অগ্নিবীণা হলে মহকুমার ক্লাব ও পূজো কমিটিগুলিকে নিয়ে অনুষ্ঠিত সভায় পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। সভায় পর্যটনমন্ত্রী প্রশাসনের সমস্ত নিয়মনীতি মেনে সুস্থ ও সুন্দরভাবে শারদোৎসব আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেছেন। পর্যটনমন্ত্রী বলেন, বিজয়া দশমীর সময় মূর্তি বিসর্জন যাতে সুশৃঙ্খলভাবে হয় সেজন্যও মহকুমা প্রশাসনকে সতর্ক থাকতে হবে। সভায় মহকুমা শাসক শান্তিরঞ্জন চাকমা ও মহকুমা পুলিশ আধিকারিক শারদোৎসবের সরকারি নির্দেশিকা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় উপস্থিত ছিলেন জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, রাণীরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুরুদাস, ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, সমাজসেবী গৌরাজ্জ ভৌমিক, সমাজসেবী তডিৎ দেববর্মা প্রমুখ। সভায় মহকুমার বিভিন্ন ক্লাব ও বিভিন্ন পূজো কমিটির প্রতিনিধি, পূর্ত, আরক্ষা, বিদ্যুৎ এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*